

২০১৩

বাংলা

অষ্টম পত্র

বিশেষ পত্র - রবীন্দ্রসাহিত্য

পূর্ণমান-৯০

সময়-৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

পর্ব - ১

- ১। রবীন্দ্রজীবনে পদ্মাতীরবতী অঞ্চলে বসবাসের অভিজ্ঞতা কোন্ কোন্ দিক থেকে তাৎপর্যপূর্ণ, আলোচনা করে দেখাও। ১২

অথবা

রবীন্দ্রনাথের বিদেশযাত্রার আনুপূর্বিক উল্লেখসহ তাঁর এইসব পরিক্রমায় পৃথিবীর নানা প্রান্তে ভারতীয় সংস্কৃতি-ঐতিহ্য কীভাবে প্রসারিত হয়েছিল তা বিবৃত করো।

পর্ব - ২

- ২। উপনিষদ কিভাবে রবীন্দ্রজীবন দর্শনকে প্রভাবিত করেছে, বিশ্লেষণ করো। ১৩

অথবা

দেবতা নয়, শেষ পর্যন্ত মানবধর্মই রবীন্দ্রনাথের জীবনদর্শনে মূল প্রসঙ্গ হয়ে দেখা দিয়েছে। — মন্তব্যটি ব্যাখ্যা করো।

[ পরপৃষ্ঠায় ]

পর্ব - ৩

- ৩। 'জীবনস্মৃতি' গ্রন্থটি আসলে রবীন্দ্রনাথের কবিজীবনের বিকাশের ধারাকেই তুলে ধরেছে। — আলোচনা করো। ১৩

অথবা

ঔপনিষদিক রবীন্দ্রনাথ শূন্যতার ভিতর থেকেই পূর্ণতার আনন্দকে লাভ করেছিলেন। — বক্তব্যটি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

- ৪। সংক্ষিপ্ত টীকা লেখো (যে-কোনো দুটি) : ২×৬=১২

- ক) 'সবুজপত্র'                      খ) লিপিকা  
গ) বাল্মীকি প্রতিভা              ঘ) কাদম্বরী দেবী।

পর্ব - ৪

- ৫। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ৪০

- ক) রবীন্দ্রসাহিত্যে কালিদাসের প্রভাব  
খ) রবীন্দ্রনাথের পল্লীউন্নয়ন ভাবনা  
গ) রবীন্দ্রনাটকে সাংকেতিকতা  
ঘ) রবীন্দ্র ছোটগল্পে নারী-চরিত্র।

10(D)

M.A./Part-II/Beng-VIII(Spl.)/Rabindra Lit./DODL/14

২০১৪

বাংলা

অষ্টম পত্র

বিশেষ পত্র - রবীন্দ্রসাহিত্য

পূর্ণমান-৯০

সময়- ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

পর্ব - ১

- ১। জোড়াসাঁকো ঠাকুরবাড়ির সাংস্কৃতিক পরিবেশ রবীন্দ্রজীবনগঠনে কীভাবে সহায়ক হয়ে উঠেছে, সে বিষয়ে আলোচনা করো।

১২

অথবা

শিলাইদহ-পর্বে রবীন্দ্রনাথ নিজস্ব জমিদারিতে কীভাবে বিভিন্ন ধরনের উন্নয়নের ভাবনাকে বাস্তবায়িত করার প্রয়াস পেয়েছিলেন, তার পরিচয় দাও।

পর্ব - ২

- ২। রবীন্দ্রজীবনে ও ভাবনায় ঔপনিষদিক দর্শন কীভাবে অনুপ্রেরণা জুগিয়েছে, আলোচনা করো।

১৩

অথবা

প্রচলিত ধর্ম-সংস্কারকে অতিক্রম করে রবীন্দ্রনাথ ক্রমশই মানবতাবাদী (humanist) দর্শনে বিশ্বাসী হয়ে উঠেছেন।— দৃষ্টান্তসহ মন্তব্যটি বিশ্লেষণ করো।

[Turn over]

পর্ব - ৩

- ৩। পশ্চিম-যাত্রার অভিজ্ঞতা রবীন্দ্রসাহিত্যকে কীভাবে সমৃদ্ধ করেছে, তার একটি সংক্ষিপ্ত পরিচয় দাও। ১৩

অথবা

বিশ্বভারতী প্রতিষ্ঠার পিছনে রবীন্দ্রনাথের কোন্ মানসিকতা সক্রিয় ছিল? আশ্রম-বিদ্যালয় থেকে বিশ্বভারতী গড়ে ওঠার স্তর পরম্পরাগুলির বিবরণ দাও।

- ৪। সংক্ষিপ্ত টীকা লেখো (যে-কোনো দুটি) : ৬×২=১২

- ক) প্রিয়নাথ সেন  
খ) ছিন্নপত্র  
গ) সঙ অফারিংস  
ঘ) রাশিয়ার চিঠি।

পর্ব - ৪

- ৫। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ৪০

- ক) রবীন্দ্রসাহিত্যে মৃত্যুচেতনা  
খ) রবীন্দ্রনাথের প্রবন্ধ সাহিত্য  
গ) রবীন্দ্রকাব্যের শেষপর্ব  
ঘ) সংগীতস্রষ্টা রবীন্দ্রনাথ।

২০১৫

বাংলা

অষ্টম পত্র

বিশেষ পত্র - রবীন্দ্রসাহিত্য

সময়-৯০

সময়-৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

পর্ব - ১

বাল্যকালে রবীন্দ্রনাথের গৃহশিক্ষার বিবরণ দাও এবং কিভাবে  
কিশোর রবীন্দ্রনাথের কাব্য রচনার সূত্রপাত ঘটেছিল তার সম্পূর্ণ  
পরিচয় লিপিবদ্ধ করো। ১২

অথবা

বঙ্গভঙ্গ রদ করার জন্য কবি রবীন্দ্রনাথ যেভাবে আন্দোলনে নেতৃত্ব  
দিয়েছিলেন তার পরিচয় দাও এবং এই আন্দোলন তাঁর  
সাহিত্যজীবনে কীভাবে প্রভাব ফেলেছিল তা লিপিবদ্ধ করো।

পর্ব - ২

রবীন্দ্রদর্শনের মূল ব্যাখ্যা প্রসঙ্গে কবিভাবনায় অভিনবত্বের দিকটি  
প্রকাশ করো। ১৩

অথবা

রবীন্দ্রচেতনায় পূজা এবং প্রেম কিভাবে মিলে-মিশে সম্পূর্ণতা  
পেয়েছে তা উদাহরণসহ আলোচনা করো।

পর্ব - ৩

৩। 'ভারতী' পত্রিকার সূচনা ও প্রতিষ্ঠার সংক্ষিপ্ত ইতিহাস বিবৃত করে

১

অথবা

'সবুজপত্র' পত্রিকায় প্রকাশিত রবীন্দ্রসাহিত্যের পরিচয় দাও। ও পর্বের সাহিত্যের মূল বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো।

৪। সংক্ষিপ্ত টীকা লেখো (যে-কোনো দুটি) :  $৬ \times ২ = ১২$

ক) দীনবন্ধু এন্ড্রুজ

খ) ভানুসিংহ ঠাকুরের পদাবলী

গ) রক্তকরবী

ঘ) শান্তিনিকেতন প্রবন্ধাবলী।

পর্ব - ৪

৫। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ৪

ক) রবীন্দ্রসাহিত্যে বৌদ্ধপ্রভাব

খ) রবীন্দ্র গীতিনাট্য

গ) রবীন্দ্রনাথের ছোটগল্প

ঘ) রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তা।

রা যায়? এতে  
বিচার করো।

10(D)RL/ii

M.A./Part-II/BNG-VIII(Spl.-R.L.)/DODL/16

করতে সমর্থ

পর্বের পরিচয়

খানি স্বাভাবিক

কাথায় বুঝিয়ে

মার অভিমত

বেরূপণ করো।

করে দেখাও।

থের মানুষের

নম্বনে বিষয়টি

র ধর্ম' গ্রন্থের

## ২০১৬ বাংলা

অষ্টম পত্র

বিশেষ পত্র - রবীন্দ্রসাহিত্য

পূর্ণমান-৯০

সময়-৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

পর্ব—১

- ১। রবীন্দ্রজীবনে তাঁর পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের প্রভাব ও প্রেরণা কতদূর কার্যকর হয়েছিল, সে বিষয়ে আলোচনা করো। ১২

অথবা

শান্তিনিকেতনে ব্রহ্মচার্য আশ্রম প্রতিষ্ঠার ইতিহাস সংক্ষেপে বর্ণনা করো। প্রসঙ্গক্রমে রবীন্দ্রনাথের শিক্ষাভাবনার মৌলিকতা কোথায়, তাও বিশ্লেষণ করো। ৭+৫=১২

পর্ব—২

- ২। রবীন্দ্রচিন্তায় উপনিষদ কোন্ গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিল, ব্যাখ্যা করে বুঝিয়ে দাও। ১৩

অথবা

রবীন্দ্রদৃষ্টিতে মৃত্যু কীভাবে ধরা দিয়েছিল, তাঁর জীবন ও কাব্য থেকে দৃষ্টান্ত নিয়ে বুঝিয়ে দাও।

[Turn over]

পর্ব—৩

- ৩। পদ্মাতীরবর্তী অঞ্চলে বাস করার সময় সেখানকার নিসর্গপ্রকৃতি ও জনজীবন রবীন্দ্রনাথের সাহিত্যসৃষ্টিকে কতদূর অনুপ্রাণিত করেছিল, সংক্ষেপে তার পর্যালোচনা করো। ১৩

অথবা

পল্লী উন্নয়নের কাজে রবীন্দ্রনাথ যে সক্রিয় ভূমিকা নিয়েছিলেন তার সবিস্তার পরিচয় দাও।

- ৪। সংক্ষিপ্ত টীকা লেখো (যে-কোনো তিনটি) : ৪×৩=১২

- ক) উইলিয়ম রোটেনস্টাইন  
খ) লিপিকা  
গ) মানুষের ধর্ম  
ঘ) প্রিয়নাথ সেন  
ঙ) কাদম্বরী দেবী  
চ) সভ্যতার সংকট

পর্ব—৪

- ৫। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ৪০×১=৪০

- ক) রবীন্দ্রসাহিত্যে কালিদাসের প্রভাব  
খ) রবীন্দ্রনাথের সাংকেতিক নাটক  
গ) স্বদেশচিত্তায় রবীন্দ্রনাথ  
ঘ) রবীন্দ্রনাথের চিত্রচর্চা



২০১৭  
বাংলা

অষ্টম পত্র

বিশেষ পত্র - রবীন্দ্রসাহিত্য

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

পর্ব : ১

- ১। পদ্মা-তীরবর্তী অঞ্চলের নিসর্গপ্রকৃতি ও মানবজীবন রবীন্দ্রসাহিত্য সৃষ্টির একটি পর্বে কীভাবে তাঁকে অনুপ্রাণিত করেছিল, সে বিষয়ে আলোচনা করো। ১৩

অথবা

রবীন্দ্রজীবনে বারবার বিদেশযাত্রার অভিজ্ঞতা কীভাবে তাঁর জীবনাদর্শকে সমৃদ্ধ করেছিল, তার কয়েকটি পরিচয় দাও। ১৩

পর্ব : ২

- ২। ঔপনিষদিক আদর্শকে রবীন্দ্রনাথ তাঁর ব্যক্তিজীবনে ও বিশেষ করে শান্তিনিকেতনের আশ্রমজীবনে কীভাবে প্রয়োগ করেছিলেন, দৃষ্টান্ত দিয়ে ব্যাখ্যা করো। ৭+৫=১২

অথবা

রবীন্দ্রনাথ শুধু একজন কবি বা সাহিত্যিক নন, একজন গভীর চিন্তাসম্পন্ন দার্শনিকও বটে।— একথার তাৎপর্য বুঝিয়ে দাও।

১২

[Turn over]

পর্ব : ৩

- ৩। সমসাময়িক দেশীয় রাজনীতি ও বিশ্বরাজনীতির সঙ্গে রবীন্দ্রনাথের সম্পর্কটি বিশ্লেষণ করে সেক্ষেত্রে তাঁর স্বাতন্ত্র্য নির্দেশ করো।

১৩

অথবা

রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তার একটি সংক্ষিপ্ত রূপরেখা রচনা করো।

১৩

- ৪। সংক্ষিপ্ত টীকা লেখো (যে-কোনো তিনটি) :  $৪ \times ৩ = ১২$

- ক) ক্ষণিকা  
খ) স্বদেশী সমাজ  
গ) চার্লস ফ্রিয়ার অ্যাড্জুড  
ঘ) ভিক্টোরিয়া ওকাম্পো  
ঙ) চণ্ডালিকা  
চ) পঞ্চভূত

পর্ব : ৪

- ৫। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখো :  $৪০ \times ১ = ৪০$

- ক) সংগীতচর্চায় রবীন্দ্রনাথ  
খ) জমিদার রবীন্দ্রনাথ  
গ) রবীন্দ্রসাহিত্যে মৃত্যুভাবনা  
ঘ) পরিবেশভাবনা ও রবীন্দ্রনাথ